বিজিএ/কাস/২০২৩/৮৬

১৩ এপ্রিল, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী বাংলা নববর্ষ, পবিত্র শব-ই-ক্বদর, পবিত্র জুমাতুল বিদা এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলের ছুটি নির্ধারণ এবং ছুটিকালীন সময়ে বন্দরের কার্যক্রম কিভাবে পরিচালিত হবে সেই নির্দেশনা প্রসংঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী বাংলা নববর্ষ, পবিত্র শব-ই-ক্বদর, পবিত্র জুমাতুল বিদা এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে ছুটি পালনের দিন ও সময় নির্ধারন এবং ছুটিকালিন সময়ে বন্দরের কার্যক্রম পরিচালনার নির্দেশনা সম্পর্কে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ যথাক্রমে দপ্তরাদেশ এবং বিজ্ঞপ্তি জারী করেছে।

এ সংক্রান্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের দপ্তরাদেশ নং- ৩০/২০২৩ইং তারিখঃ ১২/০৪/২০২৩ এবং বিজ্ঞপ্তি নং- ০৪/২০২৩ তারিখঃ ১১/০৪/২০২৩ইং আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৩/৪/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
### পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

তারিখ- ১১-০৪-২০২৩ ইং।

বিজ্ঞপ্তি নং- ০৪/২০২৩

আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারী ছুটির সময়ে বন্দরের অপারেশনাল কাজ নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে সংশ্লিষ্টদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে -

১) ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ঈদের দিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে বিকাল ১৬.০০ ঘটিকা ব্যতীত নির্ধারিত সরকারী ছুটির দিনসহ পরবর্তী সাপ্তাহিক ছুটির দিনসমূহে জাহাজের অপারেশনাল কাজ, জাহাজ আনা-নেয়া এবং বন্দরে ডেলিভারীসহ স্বাভাবিক কার্যক্রম চালু থাকবে।

২) উক্ত ছুটির সময়ে এবং এর পরবর্তী সময়ে যাতে রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনারের জাহাজীকরণ অবিঘ্নিতভাবে সম্পাদন করা হয় সে বিষয়ে ফ্রেইট ফরওয়ার্ডার, অফডক, এমএলও এবং ফিডার অপারেটরগণ আন্তঃ যোগাযোগ অব্যাহত রাখবেন এবং রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে সঠিক সময়ে জাহাজে বোঝাই করা হয় তা নিশ্চিত করবেন।

৩) আমদানী পণ্যের ক্ষেত্রে এপ্রেইজমেন্ট, বি/ই আউট পাসকরণসহ সকল ধরণের ডেলিভারী কার্যক্রমের জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক পর্যাপ্ত কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সহ সার্বিক সুবিধাদির ব্যবস্থা রাখার জন্য কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪) তফসিলি ব্যাংকসমূহ আমদানী-রপ্তানীর সাথে সংশ্লিষ্ট ব্যাংকের শাখা এবং বন্দর অভ্যন্তরে স্থিত ব্যাংকের বুথসমূহ বাংলাদেশ ব্যাংকের অনুমতি নিয়ে খোলা রাখবে। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক স্বাভাবিক সময়ের ন্যায় প্রয়োজনীয় যান্ত্রিক উপকরণের সরবরাহ নিশ্চিত করবেন। ছুটির সময়ের প্রতিদিনের জন্য একজন নির্বাহী প্রকৌশলী পদ মর্যাদার কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করে একটি সার্কুলার জারী করবেন।

৬) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক এবং সংশ্লিষ্ট ওয়ার্কশপের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিটি ইয়ার্ডে রক্ষিত কন্টেইনারসমূহ যাতে শতভাগ মুখ-জ্যাম করে সংরক্ষণ করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট অপারেটরগণকে কঠোর নির্দেশনা প্রদান করবেন। ইয়ার্ড ইনচার্জ, ইয়ার্ডে নিয়োজিত সহকারী নিরাপত্তা পরিদর্শক এবং ওয়ার্কশপ ইনচার্জ এর সমন্বয়ে ইতিপূর্বে গঠিত কমিটি মুখ-জ্যাম করে কন্টেইনার সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবে।

৭) সিএন্ডএফ এজেন্টগণ আমদানী কন্টেইনার এবং পণ্য ডেলিভারী ও রপ্তানী কার্যক্রম স্বাভাবিক নিয়মে সচল রাখতে আমদানী-রপ্তানীকারকগণের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখবেন।

৮) আমদানীকারকগণ যাতে মালামাল ডেলিভারী গ্রহণের জন্য শিপিং এজেন্ট হতে ডেলিভারী অর্ডার গ্রহণ করতে পারেন সে ব্যাপারে শিপিং এজেন্টগণ ঈদের বন্ধের দিনগুলিতে ডেলিভারী অর্ডার গ্রহণের সুবিধার্থে অফিস খোলা রাখবেন এবং বর্তমানে EDO ব্যবস্থা চালু রয়েছে বিধায় প্রয়োজনে On-line এ EDO প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। এর পাশাপাশি বর্তমান পরিস্থিতিতে রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার সঠিক সময়ে শিপমেন্টের বিষয়টি বিকডা ও ফ্রেইট ফরওয়ার্ডারগণের সাথে সমন্বয়পূর্বক নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯) ফ্রেইট ফরওয়ার্ডারগণও চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন এর সাথে সমন্বয় করে তাদের অফিস খোলা রাখবেন।

১০) ঈদের সময় যে সকল সরাসরি ডেলিভারীযোগ্য পণ্যবাহী জাহাজ ঘাটে থাকবে/আগমন করবে ঐ সকল জাহাজের মালামাল ডেলিভারীর জন্য কাস্টম আউট পাশসহ ডকুমেন্ট তৈরী রাখার জন্য শিপিং এজেন্ট, কাস্টমস্ এজেন্টসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা গেল।

১১) অফডকসমূহ (ঈদের দিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে বিকাল ১৬.০০ ঘটিকা পর্যন্ত ব্যতীত) ঈদের ছুটিতে বন্দর থেকে কন্টেইনার আনা নেয়ার ব্যাপারে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখবে। এর পাশাপাশি রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে দ্রুত জাহাজীকরণ করা হয়। সে লক্ষ্যে অফডকসমূহ তাদের খাতে নিয়োজিত ট্রেইলার, ট্রেইলার চালক এবং অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের উপস্থিতি নিশ্চিত করবেন।

১২) বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর এবং শিপ হ্যান্ডলিং অপারেটরগণ প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক/জনবল সরবরাহ নিশ্চিত করে অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন। তাছাড়া বার্থ অপারেটর এবং টার্মিনাল অপারেটরগণ জাহাজের কন্টেইনার Un-loading/Loading এবং খালি কন্টেইনার Removal এর জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রেইলার সরবরাহ নিশ্চিত করবেন। শিপমেন্টের জন্য যে সমস্ত রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনারের লোডিং অনুমতি সম্পন্ন হয় সেগুলো যাতে যথাসময়ে জাহাজের হুক পয়েন্টে আনয়ন করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট অফডক/রপ্তানীকারকগণের সাথে যোগাযোগ রাখবেন। সহকারী টার্মিনাল ম্যানেজার/শিপ এন্ড ইয়ার্ড, (সিসিটি/এনসিটি), চবক বিষয়টি নিশ্চিত করবেন। প্রয়োজনে টার্মিনাল ম্যানেজার, চবকসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবেন।

১৩) এফবিসিসিআই এবং চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি স্বাভাবিকভাবে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সচল রাখতে তাঁদের আওতাভুক্ত আমদানী-রপ্তানীকারকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। রপ্তানী পণ্য বোঝাই কন্টেইনার যাতে ঈদ-উল-ফিতর এর বন্ধের সময় সঠিকভাবে শিপমেন্ট হয় সে ব্যাপারে রপ্তানীকারকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করবেন। এ বিষয়ে FBCCI এবং CCCI একটি Standing কমিটি প্রণয়ন করে তার নাম্বার চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে জানিয়ে দিবেন। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের টার্মিনাল ম্যানেজার/শিপ এন্ড ইয়ার্ড, (সিসিটি/এনসিটি), চবক এর সাথে তাঁদের সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।

১৪) টার্মিনাল ম্যানেজার (পানগাঁও), ডেপুটি ট্রাফিক ম্যানেজার (আইসিডি), টার্মিনাল ম্যানেজার/চবক এবং ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫) বিজিএমইএ এর পক্ষ হতে তাদের কন্টেইনার ঈদের ছুটিতে স্বাভাবিক সময়ের ন্যায় খোলা রেখে হ্যান্ডলিং করার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয় এবং নৌপরিবহন মন্ত্রণালয় হতেও একই অনুরোধ জানিয়ে অত্র কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করে। গত কয়েকটি ঈদে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ২৪ X ৭ খোলা রাখলেও এ বিষয়ে বিজিএমইএ হতে তেমন কোন উদ্যোগ পরিলক্ষিত হয়নি। এতে বন্দর হতে পণ্য ডেলিভারী না নেয়ায় বন্দরে পণ্যের জট সৃষ্টি হয় যা পরবর্তীতে বিজিএমইএ-সহ অন্যান্য আমদানী-রপ্তানীকারকের পণ্য হ্যান্ডলিং এ বাধাগ্রস্ত করে। এ অবস্থা হতে পরিত্রাণের লক্ষ্যে বর্তমান ঈদে বিজিএমইএ হতে একটি Standing Committee গঠন করা যেতে পারে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে এ কমিটিতে জনাব মুহাম্মদ আনিস উদ্দিন আহমদ, সহকারী টার্মিনাল ম্যানেজার (এডমিন/সিএকএস) (মোবাইল নং-০১৮১৯-৮০৮৯৫৬), জনাব মুহাম্মদ কামরুল ইসলাম মজুমদার, সহকারী টার্মিনাল ম্যানেজার/শিপ এন্ড ইয়ার্ড, (সিসিটি/এনসিটি) (মোবাইল নং-০১৭১৫-১৬৩৯৯৯) এবং জনাব রাজিব চৌধুরী, সহকারী টার্মিনাল ম্যানেজার (কন্ট্রোল)-জিসিবি (মোবাইল নং-০১৭৭৬-৩২২৯৯৮)-কে অন্তর্ভুক্ত রাখা যেতে পারে।

দেশের সকল ব্যবসায়ীদের সর্বোচ্চ সেবা প্রদানে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বদ্ধ পরিকর। এ লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারগণের সার্বিক সহযোগিতা কামনা করছে।

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
তারিখ- ১১-০৪-২০২৩ ইং।

নথি নং- ডিটি/শিপ/২৪ ঘন্টা চালুকরণ/২০১৭ /৭৯৭

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) -

১। সকল সদস্য, চবক - সদয় অবগতির জন্য।
২। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা - জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। পি এস টু সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - নৌপরিবহন মন্ত্রণালয় এর সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। পি এস টু সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - খাদ্য মন্ত্রণালয় এর সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পি এস টু সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - বাণিজ্য মন্ত্রণালয় এর সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

অবগতি এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ সহকারে প্রেরণ করা গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। পরিচালক (নিরাপত্তা), চবক।
২। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক।
৩। ডেপুটি কনজারভেটর, চবক।
৪। টার্মিনাল ম্যানেজার/পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা।
৫। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাসন), চবক।
৬। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (আইসিডি), কমলাপুর, ঢাকা।
৭। টার্মিনাল ম্যানেজার, চবক।
৮। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
৯। জনাব মুহাম্মদ আনিস উদ্দিন আহমদ, সহকারী টার্মিনাল ম্যানেজার (এডমিন/সিএফএস), চবক।
১০। জনাব মুহাম্মদ কামরুল ইসলাম মজুমদার, সহকারী টার্মিনাল ম্যানেজার/শিপ এন্ড ইয়ার্ড, (সিসিটি/এনসিটি), চবক।
১১। জনাব রাজিব চৌধুরী, সহকারী টার্মিনাল ম্যানেজার (কন্ট্রোল)-জিসিবি, চবক।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বন্দর শাখা, চট্টগ্রাম।
১৩। ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, বন্দর শাখা, চট্টগ্রাম।
১৪। ম্যানেজার, ওয়ান ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।
১৫। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
১৬। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ, ব্লক-এইচ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
১৭। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৮। প্রেসিডেন্ট, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, আল ছালাম টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৯। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (এমএমটিসি), ৩য় তলা, ৩৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২০। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচআর টাওয়ার, বাদামতলীর মোড়, আগ্রাবাদ, চট্টগ্রাম।
২১। প্রথম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/হি, বাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক(ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং- ৩০/২০২৩ইং

তারিখ ঃ ১১/০৪/২০২৩ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী বাংলা নববর্ষ, পবিত্র শব-ই-কদর, পবিত্র জুমাতুল বিদা এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবে।

১। "বাংলা নববর্ষ " উপলক্ষে আগামী ১৪/০৪/২০২৩ইং তারিখ শুক্রবার সকাল ০৮.০০ ঘটিকা থেকে ১৫/০৪/২০২৩ইং
০১/০১/১৪৩০ বঙ্গাব্দ ০২/০১/১৪৩০ বঙ্গাব্দ
তারিখ শনিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে।

২। "পবিত্র শব-ই- কদর " উপলক্ষে আগামী ১৮/০৪/২০২৩ ইং তারিখ মঙ্গলবার বিকাল ০৪.০০ ঘটিকা থেকে
০৫/০১/১৪৩০ বঙ্গাব্দ
১৯/০৪/২০২৩ ইং তারিখ বুধবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তবে
০৬/০১/১৪৩০ বঙ্গাব্দ

১৮/০৪/২০২৩ইং তারিখ মঙ্গলবার রাত ০৮.০০ ঘটিকা থেকে ১৯/০৪/২০২৩ইং তারিখ বুধবার সকাল ০৮.০০ঘটিকা
০৫/০১/১৪৩০ বঙ্গাব্দ ০৬/০১/১৪৩০ বঙ্গাব্দ
পর্যন্ত ক্লোজড হলিডে পালিত হবে।

৩। "পবিত্র জুমাতুল বিদা" উপলক্ষে আগামী ২১/০৪/২০২৩ইং তারিখ শুক্রবার সকাল ০৮.০০ঘটিকা হতে ২২/০৪/২০২৩ইং
০৮/০১/১৪৩০ বঙ্গাব্দ ০৯/০১/১৪৩০ বঙ্গাব্দ
তারিখ শনিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।

৪। "পবিত্র ঈদ-উল-ফিতর " উপলক্ষে আগামী ২০/০৪/২০২৩ইং তারিখ বৃহস্পতিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে
০৭/০১/১৪৩০ বঙ্গাব্দ
২৪/০৪/২০২৩ইং তারিখ সোমবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তন্মধ্যে
১১/০১/১৪৩০ বঙ্গাব্দ
শুধুমাত্র "পবিত্র ঈদ-উল-ফিতর" এর দিন অর্থাৎ আগামী ২২/০৪/২০২৩ ইং তারিখ শনিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে
০৯/০১/১৪৩০ বঙ্গাব্দ
বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি (ক্লোজড হলিডে) পালিত হবে।

(পবিত্র ঈদ-উল- ফিতর এর ছুটি চাঁদ দেখা যাওয়া সাপেক্ষে পালিত হবে)

৫। শুল্ক বিভাগ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত ছুটির দিন সমূহে বিশেষ বন্দোবস্তাধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাশুল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ/লাইটার সমূহে কাজ করা যাবে। খাদ্য,ত্রাণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালক(ট্রাফিক) বা তাঁর অধীনস্ত ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বেই অবহিত করতে হবে।

৬। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পানগাঁও আইসিটি ও ঢাকাস্থ আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। উপরোক্ত সময়সূচী অনুযায়ী বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক,ওয়ান ব্যাংকসহ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথসমূহ এবং কাস্টম হাউস স্থিত সোনালী ব্যাংক, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপোসমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করে খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অঃপৃঃদ্রঃ

নথি নং-পপ/সা/৭৮ -২(অংশ-৪) / ৮৩৯ তারিখঃ ১২/০৪/২০২৩ ইং

বিতরণ ঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সকল সদস্য, চবক।
০২। সকল বিভাগীয় প্রধান, চবক।
০৩। চীফ ওয়েল ফেয়ার অফিসার,চবক।
০৪। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও কন্টেইনার টার্মিনাল, কেরাণীগঞ্জ, ঢাকা।
০৫। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
০৬। টার্মিনাল ম্যানেজার, চবক।
০৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
০৮। সকল সহকারী ট্রাফিক/ টার্মিনাল ম্যানেজার,চবক।
০৯। সকল ট্রাফিক/ টার্মিনাল অফিসার,চবক।
১০। সকল সহঃ ট্রাফিক অফিসার/ টার্মিনাল অফিসার,চবক।
১১। সকল ট্রাফিক ইন্সপেক্টর/ তত্ত্বাবধায়ক,চবক।
১২। পি এ টু কমিশনার,কমিশনার অব কাস্টমস্,কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে।
১৩। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
১৪। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ ভবন, লেভেল ৪ ও ৫,৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

এসোসিয়েশনভুক্ত সকল সদস্য শিপিং প্রতিষ্ঠানের নিকট বহুল প্রচার ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেলঃ

১৫। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, মক্কা মদিনা টাওয়ার (২য় তলা),৭২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৬। চেয়ারম্যান বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচআর টাওয়ার, বাদামতলীর মোড়, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (বাফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যমুনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১২তলা), আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
২০। চেয়ারম্যান, বাংলাদেশ শিপ হ্যান্ডলিং এন্ড বার্থ অপারেটরস্ এন্ড টার্মিনাল অপারেটস্ ওনার্স এসোসিয়েশন, ছাবের প্লাজা (২য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
২১। চেয়ারম্যান, শিপ হ্যান্ডলিং অপারেটরস্ ও বার্থ অপারেটরস্ এসোসিয়েশন, হোসেন চেম্বার (২য় তলা), ১০৫,আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
২২। ম্যানেজিং ডিরেক্টর, মেসার্স সাইফ পাওয়ারটেক লিঃ, মক্কা মদিনা টাওয়ার (১৮তলা), ৭২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২৩। চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী শ্রমিক কর্মচারী লীগ, বিশ্বরোড, নিমতলা, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৪। ম্যানেজার, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, ওয়ান ব্যাংক, এনআরবি ব্যাংক, এনআরবিসি ব্যাংক,অগ্রনী ব্যাংক ও ব্র্যাক ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাঃ)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।